



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০১-০৯-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের প্রফেশনাল ফুটবল লীগ কমিটির এক জরুরী সভা অদ্য ০১-০৯-২০২০ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকায় মতিবিলহ বাফুফে ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি।

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা হয়ঃ

- ১। 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০১৯-২০' মৌসুমের সকল খেলোয়াড় নিজ নিজ ক্লাবে ২০২০-২১ মৌসুমের জন্য পুনরায় রেজিস্ট্রেশন করতে হবে। কিন্তু ক্লাব ও খেলোয়াড়ের সমঝোতা সাপেক্ষে বাফুফের মাধ্যমে ক্লাব পরিবর্তন করতে পারবে।
- ২। ২০১৯-২০ মৌসুমের খেলোয়াড়দের চুক্তির অবশিষ্ট অর্থ ক্লাব কর্তৃক সম্পূর্ণ পরিশোধ করা হবে এবং ২০২০-২১ মৌসুমের জন্য পূর্বের চুক্তির ২০%-২৫% ভাগ অনুসারে ক্লাবের সাথে চুক্তিবদ্ধ হবে।
- ৩। চলতি ২০২০-২১ মৌসুমে 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ' এর খেলাগুলো ৩-৪টি ভেন্যুতে অনুষ্ঠিত হবে।
- ৪। 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলাসমূহ দ্রুত শেষ করার লক্ষ্যে সময় কমিয়ে আনা হবে।
- ৫। ক্লাবের পক্ষ হতে চলতি মৌসুমে বিদেশী খেলোয়াড় না রাখার জন্য প্রস্তাব রাখা হয়েছে।

উল্লেখিত আলোচনাসমূহ সকল ক্লাবের নিকট পুনরায় মতামত চেয়ে পত্র প্রেরণ করা হবে, যা বাফুফে প্রফেশনাল ফুটবল লীগ কমিটির ১৫ সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে অনুষ্ঠিতব্য পরবর্তী সভায় সিদ্ধান্ত জানানো হবে।

আহসান আহমেদ আমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।